দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 24 FEB 1989
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

# টঙ্গী কলেজে সংঘর্ষ : আহত ৫

(নিজস্ব সংবাদদাতা)

টঙ্গী ২৩শে ফেব্রুয়ারী।—টঙ্গী সরকারী কলেজে দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষে উভয়পক্ষে ৫ জন ছাত্র আহত হয়েছে। কলেজে ছাত্র সংঘর্ষের আশংকায় কর্তৃপক্ষ আগামী পহেলা মার্চ পর্যন্ত কলেজ বন্ধ ঘোষণা করেছেন।

কলেজে একটি আলোচনা সভায় দু'জন আলোচকের উক্তি ও মন্তব্যকে কেন্দ্র করে এ সংঘর্ষের সূত্রপাত।

কলেজ কর্তৃপক্ষ অমর একুশে উপলক্ষে এ আলোচনা সভার আয়োজন করেছিলেন। জাতীয়তাবাদী ছাত্র দল ও ছাত্র লীগ (স-হা) কর্মীদের মধ্যে কথা কাটাকাটির এক পর্যায়ে সংঘর্ষ হয়।

কলেজ কর্তৃপক্ষ ঘটনার

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## টঙ্গী কলেজে সংঘর্ষ

(প্রথম পৃঃ পর)

সত্যতা স্বীকার করে জানান : ২৭শে ফেব্রুয়ারী টঙ্গী পৌর সভার স্থগিত নির্বাচন অনুষ্ঠান ও ২য় বর্ষের পরীক্ষার ফরম ফিলাপ উপলক্ষে কলেজ বন্ধ দেয়া হয়েছে।